

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১৯-০৮-২০২০ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম শাহজাহান, এনপিপি, এনডিসি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ : ১৯-০৮-২০২০ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

- ১। গত ১৩-০৭-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।
- ২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিয়োক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৭/২০২০ তারিখের পত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর পর্যন্ত যানবাহন ক্রয় বন্ধ থাকবে মর্মে পত্র পাওয়া গিয়েছে। সরকারি নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।	সরকারি নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
২.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হাস প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	১) অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়ে অডিট অধিদপ্তর, ঢাকায় জানুয়ারী ২০২০ খ্রিঃ কার্যপত্র প্রেরণ করা হয়েছে। ২। অডিট কার্যক্রম সম্পর্কে প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, মবক'র ১৯৭১-৭২ সাল হতে ২০০৯-১০ সাল পর্যন্ত সাধারণ ৯৩টি আপত্তি সরকারি পত্রের আলোকে নিষ্পত্তির আদেশ জারী করা হয়েছে। অবশিষ্ট ১৩৯টি আপত্তি (সাধারণ ৩৫টি, অগ্রিম ৮৮, সিএজি রিপোর্টভুক্ত ১৬টি) নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে।	১। মবক সংশ্লিষ্ট অমীমাংসিত ১৩৯টি অডিট আপত্তির বিষয়ে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার উপ-পরিচালক এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২। দ্রুত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
৩.	মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) (i) বড় ঘাস কাটার জন্য একটি মেশিন জরুরী ভিত্তিতে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। শীঘ্রই এটি সংগ্রহ করা হবে। দুটি ছোট ঘাস কাটার মেশিন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়। (ii) আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন বিষয়ে সিবিএ এর সভাপতি জানান যে, বর্তমানে প্রচন্ড বর্ষার কারণে গাছে ডাল পালা ও বন জঙ্গল পরিষ্কার করতে সমস্যা হচ্ছে। তবে বর্ষার মৌসুম শেষ হলে পুনরায় আবাসিক এলাকার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজ শুরু করা হবে। (iii) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, করোনার কারণে খুলনাতে ডেনের কাজ সাময়িক বন্ধ ছিল। পুনরায় কাজটি চালু করা হয়েছে। খুলনার আবাসিক এলাকায় দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক অস্থায়ীভাবে নিয়োগের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজ চলমান আছে। (iv) মবকতে অবস্থিত অফিস এবং আবাসিক ভবনগুলোতে আগাছা ও পরগাছা পরিষ্কার করার বিষয়ে সভায় আলোচনা হয়।	i) কর্তৃপক্ষের বিভিন্ন স্থাপনায় ঘাস কাটার জন্য মেশিন ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। (ii) আবাসিক এলাকার গঠিত কমিটি কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ তদারকি অব্যাহত রাখতে হবে। (iii) খুলনাতে ডেনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং আবাসিক এলাকাসহ বাংলাগুলির পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। (iv) মবকতে অবস্থিত অফিস এবং আবাসিক ভবনগুলোতে আগাছা ও পরগাছা পরিষ্কার করতে হবে।	পরিচালক (প্রশাসন) পরিচালক (প্রশাসন)/ আবাসিকের গঠিত কমিটি প্রধান প্রকৌঃ (সিঃওহাঃ) সম্পত্তি শাখা, মোংলা